১৬/৫/২০০৭

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... পৃষ্ঠা ১ কলাম ৬

# ব্যাংক থেকে শিক্ষকদের বেতনের টাকা উঠিয়ে প্রভাষকের পলায়ন

**শরীয়তপুর, ১৫ মে, সংবাদদাতা** ॥ ভেদরগঞ্জ উপজেলার ডিএমখালী শহীদ সিরাজ শিকদার কলেজের ইসলামের ইতিহাস বিভাগের প্রভাষক আজিম উদ্দিন ভূইয়া উক্ত কলেজের প্রভাষকদের বেতনের নগদ ১ লাখ টাকা ব্যাংক থেকে উঠিয়ে পালিয়ে গেছেন বলে অভিযোগ পাওয়া গেছে।

গত ৭ মে কলেজের অধ্যক্ষ অভিযুক্ত প্রভাষক আজিম উদ্দিন ভূইয়াকে ১ লাখ টাকার একটি চেক দিয়ে ভেদরগঞ্জ শাখা জনতা ব্যাংকে টাকা উত্তোলন করার জন্য পাঠান। টাকা উত্তোলন করে উক্ত প্রভাষক আজিম উদ্দিন কলেজে না গিয়ে ভেদরগঞ্জ থেকে ঢাকাগামী গাড়িতে চড়েন। তারপর ৮ মে বেলা ১২টার দিকে উক্ত প্রভাষক অধ্যক্ষকে জানান তাঁর টাকা ছিনতাই হয়েছে। এ ব্যাপারে অধ্যক্ষের সঙ্গে যোগাযোগ করলে তিনি জানান, আমরা ব্যাপারটি দেখছি, আপনাদের পরে জানাব।

এদিকে ঘটনার এক সপ্তাহ অতিবাহিত হবার পরও কলেজের পক্ষ থেকে থানায় কোন অভিযোগ না করায় প্রভাষকদের মাঝে বিরাজ করছে চাপা ক্ষোভ। এলাকাবাসী অভিযোগ করেন, উক্ত প্রভাষক ১ লাখ টাকা আত্মসাত করেছেন। এ টাকা আত্মসাতের সাথে অধ্যক্ষের যোগসূত্র রয়েছে বলে এলাকাবাসী মন্তব্য করেন। কারণ অধ্যক্ষ চেক দেয়ার সময় উক্ত প্রভাষককে কোন অফিস আদেশ প্রদান করেননি। এদিকে কলেজের শিক্ষকগণ বেতন না পেয়ে দিশাহারা হয়ে পড়েছেন।